

স্মারক সংখ্যা:-ডিএনএস/শা-৩/৪টি-১৭/ভর্তি:২০১৪-২০১৫/১১১

তারিখ: ২৫/১২/২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়: Result of Diploma in Nursing Science and Midwifery Course Admission -2014-2015.(1st & 2nd.waiting list)

সেবা পরিদপ্তরের আওতাধীন সরকারী নার্সিং ইনস্টিটিউটে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষে কেন্দ্রীয়ভাবে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী কোর্সে সংযুক্ত তালিকায় বর্ণিত প্রার্থীগণ তাহাদের আবেদনক্রমে ১ম ও ২য় অপেক্ষমান তালিকায় জিপিএ-এর ভিত্তিতে মেধা অনুযায়ী চূড়ান্তভাবে নির্বাচিত হইয়াছেন। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ যে নার্সিং ইনস্টিটিউটে ভর্তির জন্য নির্বাচিত হইয়াছেন, তাহারা নিম্নবর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় সকাল ৮:০০ ঘটিকা থেকে বিকাল ২:৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি হইয়া যথাসময়ে প্রশিক্ষণ কোর্সে যোগদান করিবেন। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যোগদান করিতে ব্যর্থ হইলে এই নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে। সমূহ তালিকায় সরকারী নার্সিং ইনস্টিটিউটের নামসহ টেলিটক বাংলাদেশ লি: এর ডাটা থেকে তথ্য/উপাত্ত যাচাই পূর্বক চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর দেওয়া হইল।

নির্বাচিত প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করিতে হইবে:

১. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ভর্তি হওয়ার পূর্বে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত ডাক্তার দ্বারা নিজ খরচে স্বাস্থ্য পরীক্ষা করাইতে হইবে।
২. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে ০৫/০৩/২০১৫ খ্রি: তারিখের মধ্যে ভর্তি হইতে হইবে (অফিস চলাকালীন সময় সকাল ৮:০০ ঘটিকা থেকে বিকাল ২:৩০ ঘটিকা পর্যন্ত)। উল্লেখ্য যে, অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জগণ ০৫/০৩/২০১৫ খ্রি: তারিখ বিকাল ২:৩০ ঘটিকায় ভর্তি বন্ধ করিয়া খালী আসন সংখ্যা এবং ভর্তি না হওয়া ছাত্রীর রেজি: নম্বর উল্লেখ পূর্বক সেবা পরিদপ্তরের (ফ্যাক্স নম্বর ০২-৯৫৫০৮৪৪-এ) প্রেরণ নিশ্চিত করিতে হইবে।
৩. ০৫/০৩/২০১৫ খ্রি: তারিখ হইতে যথারীতি ক্লাশ শুরু হইবে এবং যোগদানের তারিখ হইতে বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হইবে।
৪. প্রশিক্ষণ শেষে সরকারী চাকুরীর কোন নিশ্চয়তা দেওয়া হইবে না।

ভর্তি ও প্রশিক্ষণ কোর্সে যোগদানের শর্তাবলী:

১. নির্বাচিত প্রার্থীগণকে সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে, অন্যথায় ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।
২. নির্ধারিত তারিখে ভর্তি হইয়া যথাসময়ে প্রশিক্ষণ কোর্সে যোগদান করিতে ব্যর্থ হইলে কোন প্রকার নোটিশ জারীকরণ ছাড়াই নির্বাচন/ভর্তি বাতিল বলিয়া গণ্য হইবে।
৩. প্রশিক্ষণে কোর্সে যোগদান করার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৪. প্রশিক্ষণ কোর্সে যোগদান করার পর বাংলাদেশ নার্সিং কাউন্সিলের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত প্রার্থীগণকে অবিবাহিত থাকিতে হইবে।
৫. প্রশিক্ষণ কোর্সে ভর্তি হওয়ার পর শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপট সংশ্লিষ্ট নার্সিং ইনস্টিটিউটে জমা দিতে হইবে।
৬. নির্বাচিত প্রার্থী কোন তথ্য গোপন করিয়া থাকিলে এবং তাহা প্রমানিত হইলে নির্বাচন/ভর্তি বাতিলসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।
৭. প্রশিক্ষণ চলাকালীন অন্য কোন শিক্ষা গ্রহণ করা যাইবে না। প্রমানিত হইলে প্রশিক্ষণ কোর্স হইতে বহিস্কার করা হইবে।
৮. সিলেবাস/কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা, দিবা ও নৈশ কালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল) প্রশিক্ষণে অংশগ্রহণ করিতে হইবে।
৯. প্রশিক্ষণ চলাকালীন সময়ে বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক প্রণীত বিধি বিধান ও নিজ নিজ নার্সিং ইনস্টিটিউটের নিয়ম-কানুন মানিয়া চলিতে হইবে।
১০. হোস্টেলে আবাসন সংকুলান না হইলে নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করিতে হইবে।
১১. প্রশিক্ষণ কোর্সে ভর্তির পর সব ধরনের মাইগ্রেশন (অভিপ্রায়ন/বদলী) বন্ধ থাকিবে।
১২. ভর্তির ক্ষেত্রে উদ্ভূত অন্য কোন অবস্থার প্রেক্ষিতে পরিচালক, সেবা পরিদপ্তর কর্তৃক প্রদত্ত/গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
১৩. সরকার বা কর্তৃপক্ষের যে কোন আইনানুগ আদেশ বা নির্দেশ আবশ্যিকভাবে মানিয়া চলিতে হইবে।
১৪. প্রতিষ্ঠানের নিজস্ব বিধি বিধান ও শৃংখলা মানিয়া চলিতে হইবে।
১৫. এই ফলাফল সেবা পরিদপ্তরের ওয়েবসাইট www.dns.gov.bd পাওয়া যাইবে।

নিম্নোক্ত
২৫/১২/১৫
(নিমুফার ফরহাদ)
উপ-পরিচালক, শিক্ষা (ভারপ্রাপ্ত)
সেবা পরিদপ্তর, ঢাকা।

